

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৭৪

আগরতলা, ১৯ নভেম্বর, ২০২৪

**৪৩তম আগরতলা বইমেলা
পরিচালন কমিটির বৈঠক**

৪৩তম আগরতলা বইমেলা-২০২৫ উপলক্ষে আজ আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে বইমেলা পরিচালন কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ৪৩তম আগরতলা বইমেলা পরিচালন কমিটির চেয়ারম্যান আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাপতি বিশ্বজিৎ শীল, সোসাইটি ফর ম্যানেজমেন্ট অব কালচার্যাল কমপ্লেক্সের চেয়ারম্যান নবেন্দু ভট্টাচার্য, ত্রিপুরা রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইসচ্যান্সেলর অধ্যাপক ড. অরুনোদয় সাহা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য, মিডিয়া এডভাইজারি কমিটির সদস্য, ত্রিপুরা রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য, শিল্পী, সাহিত্যিক, কবি ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। বৈঠকে ৪৩তম আগরতলা বইমেলা আয়োজন সংক্রান্ত বিষয় নিয়ে গত ২৮ অক্টোবর তারিখে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা'র সভাপতিত্বে গৃহীত বিভিন্ন সিদ্ধান্ত বাস্তবায়নের পর্যালোচনা এবং বইমেলা'র স্থান ও থিম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পরিচালন কমিটির সভায় আগামী ২ জানুয়ারি থেকে ১৪ জানুয়ারি পর্যন্ত অনুষ্ঠিতব্য ৪৩তম আগরতলা বইমেলা হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে করার বিষয়ে প্রস্তাব গৃহীত হয়। পাশাপাশি বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় ভারতীয় মানব দর্শনের প্রভাবকে ভিত্তি করে বইমেলা'র থিম প্রণয়নের প্রস্তাবও গৃহীত হয়।

সভার শুরুতে সবাইকে স্বাগত জানিয়ে আসন্ন বইমেলা সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপর তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশান উপস্থাপিত করেন। আলোচনায় পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাপতি বিশ্বজিৎ শীল, সোসাইটি ফর ম্যানেজমেন্ট অব কালচার্যাল কমপ্লেক্স এর চেয়ারম্যান নবেন্দু ভট্টাচার্য, ত্রিপুরা রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী সংশ্লিষ্ট বিষয়ে মতামত প্রকাশ করেন। এছাড়াও আলোচনায় অংশ নেন ত্রিপুরা রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য আগরতলা পুরনিগমের কর্পোরেটর ভাস্বতী দেববর্মা, তাপস রায়, উৎপল বিশ্বাস, বিদ্যুৎজিৎ চক্রবর্তী, মনোজিত ধর, ত্রিপুরা পাবলিশার্স গিল্ডের সম্পাদক অজিত দেববর্মা, পাবলিশার্স এন্ড বুক সেলার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক রাখাল মজুমদার, অল ত্রিপুরা বুক সেলার্স এন্ড পাবলিশার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক উত্তম চক্রবর্তী, বরিশ্ট সাংবাদিক দিবাকর দেবনাথ, কবি নকুল রায়, লেখক নকুল দাস, আইনজীবী অস্মিতা বণিক, প্রাবন্ধিক ড. আশীষ কুমার বৈদ্য প্রমুখ। সভার শেষে পরিচালন কমিটির চেয়ারম্যান তথা আগরতলা পুরনিগমের মেয়র বিধায়ক দীপক মজুমদার বলেন যে, আগরতলা বইমেলায় প্রতিবছর বই পিপাসুর সংখ্যা বাড়ছে এবং সময়ের সঙ্গে সঙ্গে এই মেলা তার পরিসর বৃদ্ধি করে চলেছে। তিনি আশা প্রকাশ করেন যে বই প্রকাশক, বই বিক্রেতা, ক্রেতা, নতুন নতুন পাঠক সহ সংশ্লিষ্ট সবার উদ্যোগে আসন্ন ৪৩তম আগরতলা বইমেলাও সফলভাবে আয়োজিত হবে।
